

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
এফ-৪ বি, আগারগাঁও, প্র/এ  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।  
ওয়েব সাইট : [www.techedu.gov.bd](http://www.techedu.gov.bd)

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৯১.২০১৭- ২৩৯

তারিখঃ ২২/০৩/২০১৭খ্রিঃ

বিষয় : নাটোর জেলাধীন বাগাতিপাড়া উপজেলার বাগাতিপাড়া পাইলট উচ্চ বিদ্যালয় এর এসএসসি(ভোকেশনাল) শাখার ট্রেড ইন্সট্রাক্টর(ড্রেস মেকিং এন্ড টেইলারিং) পদে জনাব মোঃ জান্নাতুল ফেরদৌস, ট্রেড ইন্সট্রাক্টর(কম্পিউটার) পদে জনাব মোঃ হারুন-অর-রশিদ ও জনাব মোঃ মাহবুবুর রহমান এর নিবন্ধন সনদ ভূয়া/জালিয়াতি সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, নাটোর জেলাধীন বাগাতিপাড়া উপজেলার বাগাতিপাড়া পাইলট উচ্চ বিদ্যালয় এর এসএসসি(ভোকেশনাল) শাখার ট্রেড ইন্সট্রাক্টর(ড্রেস মেকিং এন্ড টেইলারিং) পদে জনাব মোঃ জান্নাতুল ফেরদৌস, ট্রেড ইন্সট্রাক্টর(কম্পিউটার) পদে জনাব মোঃ হারুন-অর-রশিদ ও জনাব মোঃ মাহবুবুর রহমান এর এমপিও ভুক্তির আবেদন অত্র দপ্তরে পাওয়া যায়। তাঁদের আবেদন যাচাই-বাছাই করে এমপিও প্রদান সংক্রান্ত কমিটির সভায় উপস্থাপন করা হয়। সভার সিদ্ধান্ত মোতাবেক তাঁদের দাখিলকৃত নিবন্ধন সনদ অত্র দপ্তর স্মারক নং ৩৭.০৩.০০০০.০৯১.২০১৬-৬৭৮ তারিখঃ ১৫/১২/২০১৬খ্রিঃ মোতাবেক বেসরকারী শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ(NTRCA) কর্তৃক যাচাই এর জন্য প্রেরণ করা হয়।

- ২। বেসরকারী শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ(NTRCA) এর স্মারক নং-বেশিনিক/শি.শি./সনদ যাচাই(সকল)/৬২১/২০১৭/০৯ তারিখঃ ২৪/০১/২০১৭খ্রিঃ মূলে সনদ (সিরিঃ নং-১০০০৮৪৪১, রেজিঃ ১০০০০১১৫৬৪ রোল-৩১২১৬৪৩৬, পাশের সন ২০১০খ্রিঃ, ট্রেড ইন্সট্রাক্টর(ড্রেস মেকিং এন্ড টেইলারিং) এবং নিবন্ধন নং-৭০০৬২৩৪, রোল-৭১২৬০০০৪, পাশের সন ২০০৭খ্রিঃ ও নিবন্ধন নং-৭০০৬২২৪, রোল-১১২৬০১১২, পাশের সন ২০০৭খ্রিঃ ট্রেড ইন্সট্রাক্টর(কম্পিউটার) যাচাই করে ভূয়া/জালিয়াতি মর্মে প্রতিবেদন প্রেরণ করেন।
- ৩। ২০১০ জনবল কাঠামো (মার্চ/২০১৩ পর্যন্ত) সংশোধিত ১৮(১) (ঘ) ধারা মোতাবেক এমপিও ভুক্তির জন্য ভূয়া/জাল শিক্ষাগত যোগ্যতার সনদ/নিবন্ধন সনদ প্রদান, ভূয়া/জাল নিয়োগ সংক্রান্ত রেকর্ড প্রদান, মহিলা কোটা অনুসরণ ব্যতিত শিক্ষক নিয়োগ প্রদান এবং প্যাটার্ন বহির্ভূত পদে এমপিও এর জন্য আবেদন প্রেরণ করলে প্রতিষ্ঠান প্রধানের বেতন-ভাতা স্থগিত করা হবে মর্মে-উল্লেখ রয়েছে।
- ৪। এমপিও ভুক্তির জন্য ভূয়া/জাল নিবন্ধন সনদ প্রেরণ করে উক্ত প্রতিষ্ঠান প্রধান, জনবল কাঠামো ১৮(১) (ঘ) ধারার শর্ত ভঙ্গ করেছেন।
- ৫। ট্রেড ইন্সট্রাক্টর(ড্রেস মেকিং এন্ড টেইলারিং) পদে জনাব মোঃ জান্নাতুল ফেরদৌস, ট্রেড ইন্সট্রাক্টর(কম্পিউটার) পদে জনাব মোঃ হারুন-অর-রশিদ ও জনাব মোঃ মাহবুবুর রহমান-এর এমপিও ভুক্তির আবেদনে সংশ্লিষ্ট বিষয়ে নিবন্ধন সনদ ভূয়া/জাল থাকায় এবং এমপিও সংক্রান্ত অন্যান্য কাগজপত্রাদির সঠিকতা যাচাই করে নিশ্চিত হওয়ার বিষয়ে যাচাইকাজে সহযোগিতার জন্য অত্র দপ্তর স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৯১.২০১৭-২০০ তারিখঃ ০৬/০৩/২০১৭খ্রিঃ মূলে পত্র প্রেরণ করা হয়। এ সংক্রান্ত পত্রের বিষয়ে তিনি নির্ধারিত তারিখে উপস্থিত থেকে যাচাইকাজে কোন সহযোগিতা করেননি। যা অসদাচরণের সামিল।
- ৬। এমতাবস্থায়, তাঁর বেতন-ভাতা বন্ধসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে কেন ফৌজদারী কার্যবিধি অনুযায়ী মামলা করা হবে না তা পত্র প্রাপ্তির ০৭(সাত) কর্ম দিবসের মধ্যে অত্র দপ্তরে উপযুক্ত প্রমানকসহ ব্যাখ্যা প্রদানের জন্য অনুরোধ করা হল।

প্রাপক :  
প্রধান শিক্ষক  
বাগাতিপাড়া পাইলট উচ্চ বিদ্যালয়  
বাগাতিপাড়া, নাটোর

  
২২.৩.২০১৭  
(মোঃ মিজানুর রহমান)  
যুগ্ম-সচিব

ও  
পরিচালক (ভোকেশনাল)  
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।




স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৯১.২০১৭- ২৩৯

তারিখঃ ২২/০৩/২০১৭খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। জেলা প্রশাসক, নাটোর।
- ২। উপ-সচিব (কারিগরি-১/২), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। জেলা শিক্ষা অফিসার, নাটোর।
- ৪। সভাপতি, বাগাতিপাড়া পাইলট উচ্চ বিদ্যালয়, বাগাতিপাড়া, নাটোর।
- ৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধ করা হল)।
- ৬। পি.এ. টু মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। সংরক্ষণ নথি।

  
২২/৩/২০১৭  
(মোহাম্মদ আতিকুর রহমান)  
সহকারী পরিচালক (এমপিও)  
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

